Cheap smuggled fertilizer openly sold in bordering dists

From Our Correspondent

MEHERPUR, Sept 2: Adulterated Indian fertiliser and harmful insecticide of Indian origin are being sold in Meherpur and other bordering districts of Bangladesh as these are available at a very cheap rate and smugglers are active in bringing those items flooding the markets.

Farmers are being cheated by purchasing low quality of SSP fertiliser of Indian origin as these are being sold as TSP at low rate. Use of harmful Indian pesticide has also increased alarmingly and farmers are suffering as the prices of Bangladeshi pesticide are costly.

Fertiliser dealers, in order to make higher profit, are stocking and selling Indian SSP to local farmers as TSP.

It may be mentioned that Indian and Egyptian SSP were banned by the government as they are harmful both for the soil and farmers. In addition, TSP increases production by 64 per cent whereas the use of SSP increases the yield by 18 per cent, reducing further production, experts here said.

On the other hand Indian pesticide stands as a threat to farmers an well as the environment.

The smuggling of these and other necessities became rampant.

It has been brought into view that smuggling activities are not only affecting the farmers and environment but also the marketprice in Meherpur and elsewhere in the country.

PABNA: Erosion of Padma took a heavy toll on Raipur union of Sujanagar thana. — Star photo

13,359 female students get stipend facility

From Our Correspondent

JHENIDAH, Sept 2: Thirteen thousand 359 female students in four thanas out of six thanas of the district have been benefitted with the stipend facilities under female secondary school assistance projects during January to June this year, it is learnt.

According to sources, 4,750 female students received Taka 11,22,370 in sadar thana of the district, 4716 students received Taka 12,32,360 in Sailkupa thana and 3893 female students of secondary level received Taka 9,44,170 in Kaliganj and Kotchandpur thanas of the district while information about Harinakundu and Mohespur thanas were not available.

Talking to Nazmul Haque, Thana Project Officer (TPO) for Female Secondary School Assistance Project (FSSAP), Sailkupa told that all these female students have been benefitted in out side pourasabha areas only and all the pourasabha areas will be brought under the programme from next year as per government plan.

TPO informed that after implementation of the programme, dropout of female students in secondary level decreased. This programme might bring more female students in secondary schools again, TPO hopes.

3 awarded life imprisonment for murder

From Our Correspondent

GAIBANDHA, Sep 2: Three persons were convicted in a murder case and each was awarded rigorous life imprisonment and a fine of taka two thousand in default to suffer one year's R I. Eight others were however acquitted from the charge of murder.

The judgment was declared by Mirza Sirajul Islam, Additional District and Session Judge, Gaibandha on August 24.

The prosecution case was that Hasena Banu of village Tengrakandi under Fulchari thana had illicit relation with victim Shah Ali of same village. On October 20, 1993 the victim entered the room of Hasena Banu. Meanwhile accused Ashraf and Iman Ali caught Shah Ali and killed him mercilessly with deadly weapons and later threw the body into the river Jamuna. Brother of victim Shajahan Ali field a case with Fulchari Thana.

On trial Ashraf, Hasena Banu and Iman Ali were found guilty of murder under section 302/34 under BPC and learned Judge awarded rigorous life imprisonment and fined Tk 2,000 to each. Eight others chargesheeted were however acquitted from the charge of murder as the prosecution could not prove the charge framed against the persons.

The prosecution case was conducted by public prosecutor Rahamatullah Azad and Advocate Fazley Rabbi and Syed Shamsul Alam Hiru appeared in favour of the accused.

Bus driver marries 17 times in 15 yrs

From Our Correspondent

GAIBANDHA, Sep 2: A bus driver married 17 times within the period of 15 years, it is alleged.

According to information received here, Abdur Rahman of village Nasirabad under Gobindaganj Thana in Gaibandha district married Parul Begum, daughter of late Abdul Jalil of village Osmanpur under Ghoraghat in Dinajpur district as his eleventh wife eight years ago.

Parul became a mother of two children. But her husband did not take care of her and the children for the last few years. Parul, however, filed a case with Dinajpur Human Rights Implementation Association on July 27 against her husband for legal justice.

In the petition Parul further disclosed that after her marriage Abdur Rahman married six more women on different occasions. They are Pashura Begum and Rahima Begum of village Rudrapur and Meherunnessa of Setharia under Jessore district, Helena Begum of village Chelopara under Bogra district, Mahmuda Begum of village Panthapara under Gobindaganj thana in Gaibandha district and Ashma Begum of village Nayapara under Panchbibi thana. At present Abdur Rahman is living with only two wives.

20 injured in road accident in Gaibandha

From Our Correspondent

GAIBANDHA, Sept 2.: At least 20 persons sustained injuries five of them seriously in a road mishap when a passenger coach collided with a truck on Bogra-Gaibandha highway two kilometre off Gabindaganj thana recently.

According to a delayed report a Rajshahi bound passenger coach belongs to Manju Travel Dhaka Metro-Cha- 9134 collided with a Rangpur bound truck Bogra TA-02-0017 two kilometre off Gobindaganj thana. Due to impact of the collision the bus turn turtled in to the road sided ditch in which 20 persons received injuries, five of them were admitted the local health complex in critical conditions. They are Jahurul Islam of Palashbari, Shahidul Islam of Naldanga, Asia Begum of Rangpur, Khijiruddin of Gaibandha and a child.

Number of ticketless passengers on rise

From Our Correspondent

KUSHTIA, Sept 2: The number of ticketless railway passengers is on the rise on Kushtia-Rajbari and Khulna-Rajbari routes creating problem to the innocent travellers.

The ticketless passengers, mostly day labourers, beggars and women engaged in the trade of various item like Indian saree and other commodities occupy the seats and make the compartments and toilets of the train dirty.

It is gathered that the railway security men and the ticket checkers are indifferent regarding these ticketless passengers. Besides the passengers are also reluctant to buy tickets because of the abnormal rise in the price of tickets.

The passengers carrying tickets complained that absence of checking by railwaymen allow these people to travel without tickets and cause sufferings to the genuine passengers.

Besides, number of compartments in each train is too meagre to cope with the rush of passengers. Sometimes there are no first class and second class compartments at all, creating great inconvenience to the upper class passengers.

684 deep tubewells to be installed in Patuakhali

From Our Correspondent

PATUAKHALI, Sept 2: The Public Health Engineering Department (PHED) in collaboration with UNICEF has under taken a programme to instal 684 deep tubewells to ensure drinking water in the 6 thanas of the district at a cost of Taka 3 crore.

About one lakh 30 thousand people of the 6 thanas of the district will get the drinking water facility after completion of the programme.

Besides, at the same time " deep-tubewells to be reinstalled soon. About 8 thousand people will get the drinking water facility after sinking of the tubewells.

Meanwhile, Facilities Department, Education Ministry, have taken a programme to build 622 primary schools in 6 thanas of the district.

According to an official source, the programme include building of 145 government primary and 477 non government primary schools. After completion of the programme two lakh primary schools going children will get the education facility.

10,000 applications for 40 posts in Sirajganj

From Our Correspondent

SIRAJGANJ, Sept 2: About 10 thousand applications have been submitted for about 40 posts of government Primary School Teachers in nine thanas of Sirajganj district.

According to a source of District Primary Education Office (DPEO) it is learnt that a total of 9,903 persons have submitted applications for the posts of teacher. The source, however, could not fell the actual number of vacant posts in the district. Approximately, 40 posts of teacher have fallen vacant in nine thanas of the district.

It is further learnt that a considerable number of Graduate and Masters degree holders have also submitted applications.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল—২, ঢাকা

উৎসে আয়কর কর্তন/কর্তনকৃত কর জমাদান ও তৎসংক্রান্ত বিবরণী প্রেরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর সংশ্লিষ্ট আইন এবং বিধি-এর মাধ্যমে কতিপয় নির্দিষ্ট আয়ের ক্ষেত্রে নির্ধারিত হারে উৎসে আয়কর কর্তন/সংগ্রহ, কর্তনকৃত/সংগৃহীত কর জমাদান এবং ঢাকা জেলার ক্ষেত্রে কর কমিশনার, কর অঞ্চল-২, ঢাকা-এর নিকট তৎসংক্রান্ত বিবরণী প্রেরণ করার বিধান করা হইয়াছে।

কর কর্তন/সংগ্রহের বিধান

মালামাল সরবরাহ (তৈল, গ্যাস এবং পাটকলে পাট সরবরাহসহ), ঠিকাদারী চুক্তি কার্যকরণ ও সেবা প্রদান (ধারা ৫২/বিধি ১৬)

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫২ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৬ (সংশোধিত)-এর আওতায় সরকার, যে কোন স্থানীয় কর্তৃপক্ষ, যে কোন বিধিবদ্ধ করপোরেশন, বিধিবদ্ধ করপোরেশনের ইউনিটসমূহ, যে কোন পাবলিক লিমিটেড কোম্পানী, যে কোন ব্যাংকিং কোম্পানী, যে কোন বীমা কোম্পানী, যে কোন সমবায় ব্যাংক, যে কোন সরকার ঘোষিত আর্থিক প্রতিষ্ঠান এবং এনজিও বিষয়ক ব্যুরো-এর সহিত তালিকাভুক্ত এনজিওসমূহের কাছে মালামাল সরবরাহ বা ইহাদের সঙ্গে কৃত ঠিকাদারী চুক্তি কার্যকরণ বা ইহাদের সার্ভিস প্রদানের বিনিময়ে অন্য যে কোন ব্যক্তিকে যে কোন প্রকার পরিশোধ (Payment) (অগ্রিম পরিশোধসহ)-এর জন্য দায়ী ব্যক্তি বিধি ১৬-এর তফসিলে বর্ণিত কর-হার অনুযায়ী অবশ্যই কর কর্তন করিবেন। উল্লেখ্য যে অর্থ প্রদানের সময় কর কর্তন প্রযোজ্য কর হার অনুযায়ী করিতে হইবে এবং অর্থ বছরে আংশিক অর্থ প্রদানের ক্ষেত্রে মোট অর্থ প্রদানের সঙ্গে সামঞ্জস্য রাখিয়া কর কর্তন করিতে হইবে। কর কর্তন হারের সংশোধিত তফসিল নিম্নরূপঃ

তফসিল (সংশোধিত)

(১লা জুলাই, ১৯৯৩ইং হইতে)

ক্রমিক নং	পরিশোধের পরিমাণ	পরিশোধের উপর কর কর্তনের হার
১।	যে ক্ষেত্রে পরিশোধের পরিমাণ ২,০০,০০০/-এর অধিক নহে;	শূন্য
২।	যে ক্ষেত্রে পরিশোধের পরিমাণ ২,০০,০০০/-এর অধিক কিন্তু ১০,০০,০০০/-এর অধিক নহে;	১%
৩।	যে ক্ষেত্রে পরিশোধের পরিমাণ ১০,০০,০০০/-এর অধিক কিন্তু ২৫,০০,০০০/-এর অধিক নহে;	২%
৪।	যে ক্ষেত্রে পরিশোধের পরিমাণ ২৫,০০,০০০/-এর অধিক	২.৫%

বাড়ি ভাড়া (ধারা ৫৩ এ/বিধি ১৭বি)

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৩ এ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭বি-এর বিধানের আওতায় সরকার, যে কোন স্থানীয় কর্তৃপক্ষ, যে কোন বিধিবদ্ধ করপোরেশন, যে কোন বিধিবদ্ধ করপোরেশনের ইউনিটসমূহ, যে কোন পাবলিক লিমিটেড কোম্পানী, যে কোন ব্যাংকিং কোম্পানী, যে কোন বীমা কোম্পানী, যে কোন সমবায় ব্যাংক, যে কোন সরকার ঘোষিত আর্থিক প্রতিষ্ঠান, বিদেশ হইতে প্রাপ্ত দানের উপর নির্ভরশীল যে কোন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান (এনজিও) এবং প্রাইভেট লিমিটেড কোম্পানী বাড়ির মালিককে বাড়ি ভাড়া প্রদানের সময় নিম্নে বর্ণিত তফসিল অনুযায়ী কর কর্তন করিবেন।

তফসিল (সংশোধিত)

ক্রমিক নং	ভাড়ার পরিমাণ	ভাড়ার উপর কর কর্তনের হার
১।	যে ক্ষেত্রে মাসিক ভাড়ার পরিমাণ ৭,৫০০/- টাকা;	শূন্য
২।	যে ক্ষেত্রে মাসিক ভাড়ার পরিমাণ ৭,৫০০/- এর অধিক কিন্তু ১০,০০০/-এর অধিক নহে;	২%
৩।	যে ক্ষেত্রে ১০,০০০/-এর অধিক কিন্তু ২০,০০০/-এর অধিক নহে;	৩%
৪।	যে ক্ষেত্রে ২০,০০০/-এর অধিক কিন্তু ৩০,০০০/-এর অধিক নহে;	৪%
৫।	যে ক্ষেত্রে মাসিক ভাড়ার পরিমাণ ৩০,০০০/- টাকার অধিক;	৫%

লভ্যাংশ আয়ের উপর কর কর্তন

আয়কর অধ্যাদেশের ধারা ৫৪ এবং ৬ষ্ঠ তফসিল-এর 'এ' অংশের ও ২২-এর বিধান অনুযায়ী লভ্যাংশ আয়ের ক্ষেত্রে লভ্যাংশ প্রদানকারী কোম্পানী কর্তৃক নিম্নরূপ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হইবেঃ

ক্রমিক নং	লভ্যাংশ গ্রহণকারী শেয়ার হোল্ডার	কর কর্তনের হার
১।	অনিবাসী কোম্পানী	১৫%
২।	অনিবাসী অ-কোম্পানী	২৫%
৩।	নিবাসী কোম্পানী	১৫%
৪।	নিবাসী অ-কোম্পানী	১০%

তবে অর্থ আইন, ১৯৯৫ইং-এর মাধ্যমে কোম্পানী ব্যতীত সকল শ্রেণীর নিবাসী করদাতার ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা পর্যন্ত প্রাপ্ত লভ্যাংশ আয়কে উৎসে কর কর্তনের আওতা বহির্ভূত করা হইয়াছে।

ইন্ডেন্টিং কমিশন এবং শিপিং এজেন্সী কমিশন ধারা ৫২/বিধি ১৭

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর সংশোধিত ধারা ৫২ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭-এর বিধান মোতাবেক বাংলাদেশ ব্যাংক কিংবা যে কোন তফসিলী ব্যাংক যাহাদের মাধ্যমে ইন্ডেন্টিং কমিশন অথবা শিপিং এজেন্সী কমিশন দেশে গৃহীত হইয়া থাকে তাহারা উক্ত কমিশনের উপর ৫% হারে কর কর্তন অথবা সংগ্রহ করিবেন।

জনশক্তি রফতানি ধারা ৫৩বি/বিধি ১৭ সি

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৩বি এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭ সি (১লা জুলাই, ১৯৯৩ ইং হইতে সংশোধিত)-এর বিধান মোতাবেক মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কর সংগ্রহকারী কর্তৃপক্ষ হিসাবে জনশক্তি রপ্তানীকারকদের নিকট হইতে রফতানী করা হইবে এমন প্রতি ব্যক্তির জন্য প্রবাসন ছাড়পত্র প্রদানের পূর্বে সরকার কর্তৃক নির্দিষ্ট সার্ভিস চার্জ অথবা ফিস-এর উপর ১০% হারে আয়কর সংগ্রহ করিবেন।

প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় (ধারা ৫৩সি/বিধি ১৭ডি)

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৩সি এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭ডি-এর বিধানের আওতায় সরকার, যে কোন স্থানীয় কর্তৃপক্ষ, যে কোন বিধিবদ্ধ করপোরেশন, বিধিবদ্ধ করপোরেশনের ইউনিটসমূহ, যে কোন পাবলিক লিমিটেড কোম্পানী, যে কোন ব্যাংকিং কোম্পানী, যে কোন বীমা কোম্পানী, যে কোন সমবায় ব্যাংক, যে কোন সরকার ঘোষিত আর্থিক প্রতিষ্ঠান প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রীত মালামাল ও সম্পত্তির বিক্রয় মূল্যের উপর ৩% হারে অগ্রীম আয়কর সংগ্রহ করিবেন। উল্লেখ্য উপরোক্ত আয়কর সংগ্রহকারী কর্তৃপক্ষ বিক্রীত মালামাল ও সম্পত্তি ক্রেতার নিকট দখল অর্পণ করার পূর্বেই আয়কর সংগ্রহ করিবেন। উল্লেখ্য টেন্ডারের মাধ্যমে মালামাল বিক্রয় ও লীজ প্রকাশ্য নিলামের অন্তর্ভুক্ত।

চিত্রাভিনয়ের পারিশ্রমিক ধারা ৫৩ডি/বিধি ১৭ই

আয়কর অধ্যাদেশ ১৯৮৪-এর ধারা ৫৩ডি এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭ই-এর বিধানের আওতায় চিত্রাভিনেতা ও চিত্রাভিনেত্রীগণকে চিত্রাভিনয়ের পারিশ্রমিক বাবদ যে কোন প্রকার পরিশোধ (Payment)-এর জন্য দায়ী ব্যক্তি পরিশোধের সময় দেয় পারিশ্রমিকের উপর ৫% হারে অগ্রীম কর কর্তন করিবেন।

কমিশন অথবা ফিস ধারা ৫৩ই/বিধি ১৭জি

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৩ই এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭জি-এর বিধানের আওতায় যে কোন বিধিবদ্ধ করপোরেশন, বিধিবদ্ধ করপোরেশনের ইউনিটসমূহ অথবা ১৯১৩/১৯৯৪ সনের কোম্পানী আইনের অধীন নিবন্ধিত যে কোন কোম্পানী উহার উৎপাদিত পণ্য বিতরণ বা বাজারজাতকরণের জন্য যে কোন পরিবেশক বা যে কোন ব্যক্তিকে কোন কমিশন বা ফিস প্রদান করিলে উক্ত কমিশন বা ফিস ক্রেডিটকরণ বা পরিশোধকরণ (যেটি আগে হয়)-এর সময় উহার উপর ৫% হারে অগ্রীম কর কর্তন/সংগ্রহ করিবেন।

আমদানিকারকদের নিকট হইতে অগ্রীম কর সংগ্রহ (ধারা ৫৩(১)/বিধি ১৭এ)

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৩(১) এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭এ-এর বিধানের আওতায় কমিশনার কাস্টমস অথবা অন্য কোন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আমদানি দ্রব্যের মূল্যের উপর ২.৫% হারে উৎসে আয়কর কর্তন করিবেন তবে নিম্নোক্ত আমদানির ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন প্রয়োজন হইবে না।

(ক) ভারি যন্ত্রাংশ (Capital Machinery) যাহার ক্ষেত্রে Concessional শুল্ক হার প্রযোজ্য।

(খ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন কর্তৃক অনুমোদিত শিল্প প্রতিষ্ঠানের জন্য আমদানিকৃত কাঁচামাল।

রপ্তানিকারকদের নিকট হইতে অগ্রীম কর সংগ্রহ (ধারা ৫৩(১)/বিধি ১৭জে)

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৩(১) এবং আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭জে-এর বিধানের আওতায় যে সকল ব্যাংকের নিকট হইতে রপ্তানিকারকগণ মালামাল রপ্তানি বাবদ অর্থ প্রাপ্ত হন সেই সকল ব্যাংক রপ্তানিকারকদিগকে অর্থ প্রদানের সময় রপ্তানি মূল্যের ½% হারে অগ্রীম কর সংগ্রহ করিবেন। তবে ১৫ই মার্চ, ১৯৯৫ইং তারিখে জারিকৃত জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং ৩৬-আইন/৯৫-এর মাধ্যমে আনীত সংশোধন মোতাবেক কেবলমাত্র তৈরী পোশাক রপ্তানির ক্ষেত্রে রপ্তানি মূল্যের ¼% অর্থাৎ ০.২৫% হারে অগ্রীম কর সংগ্রহ করার বিধান করা হইয়াছে। এতদ্ব্যতীত, আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৭জে-তে প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক নিম্নোক্ত সামগ্রীসমূহকে ১লা জুলাই, ১৯৯৩ইং হইতে রপ্তানির ক্ষেত্রে উৎসে কর কর্তন হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছেঃ

ক। জুট হেসিয়ান, স্যাকিং এবং কার্পেট ব্যাকিং

খ। তাজা ফল ও শাক-সবজি এবং

গ। হাঁস-মুরগী ও ডিম।

উল্লেখ্য, এই প্রসঙ্গে রপ্তানি মূল্য (Value of the exported goods) বলিতে Customs Act, 1969 (IV of 1969)-এর ২৫(৪) ধারার বিধান মোতাবেক নির্ধারিত মূল্যকেই বুঝাইবে।

বীমা কোম্পানী কর্তৃক এজেন্টদিগকে দেয় কমিশনের উপর আয়কর কর্তন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৩জি-এর মাধ্যমে বীমা পলিসি সংগ্রহের জন্য বীমা কোম্পানী কর্তৃক এজেন্টদেরকে দেয় কমিশনের উপর উক্ত বীমা কোম্পানী কর্তৃক ৫% হারে উৎসে অগ্রিম আয়কর কর্তনের বিধান করা হইয়াছে, তবে সম্পূর্ণ আয় বৎসরে যদি কোন এজেন্ট ২৫ (পঁচিশ) হাজার টাকা অথবা উহার কম কমিশন পাইয়া থাকেন তাহা হইলে ঐ এজেন্ট-এর ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন প্রয়োজন হইবে না।

লটারী হইতে প্রাপ্ত আয়ের উপর উৎসে কর কর্তন (ধারা ৫৫ এবং দ্বিতীয় তফসিলের অনুচ্ছেদ ৩)

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৫-এর বিধান অনুযায়ী লটারী, শব্দ হেঁয়ালী ইত্যাদি ক্ষেত্রে বিজয়ীকে অর্থ প্রদানের সময় অর্থ প্রদানকারী ব্যক্তি/কর্তৃপক্ষ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ২য় তফসিলের অনুচ্ছেদ ৩ অনুযায়ী উৎসে আয়কর কর্তন করিবেন। অর্থ আইন, ১৯৯৪-এর মাধ্যমে এইরূপ বিধান করা হইয়াছে যে, লটারীর পুরস্কার প্রদানের সময় প্রদানকারী কর্তৃপক্ষ অংক বা লটারীর দ্রব্যের সমপরিমাণ অংকের উপর ২০% হারে উৎসে আয়কর কর্তন করিবেন।

অনিবাসী-এর আয় হইতে উৎসে কর কর্তন (ধারা ৫৬)

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৫৬ অনুযায়ী কোন ব্যক্তি/সংস্থা/কর্তৃপক্ষ, কোন অনিবাসীকে (যদি না উক্ত অনিবাসী নিজেই এজেন্ট হিসাবে উক্ত অর্থের উপর কর প্রদানে দায়বদ্ধ থাকেন) আয়কর অধ্যাদেশের আওতায় করযোগ্য হয় এমন অর্থ প্রদানকালে নিম্নরূপে উৎসে আয়কর কর্তন করিবেনঃ

ক। অর্থ গ্রহণকারী যদি কোম্পানী হয় - কোম্পানীর জন্য প্রযোজ্য হারে।

খ। অর্থ গ্রহণকারী যদি কোম্পানী ব্যতীত অন্য কেহ হন ২৫% হারে।

তবে শর্ত থাকে যে, যদি কোন অনিবাসী-এর দরখাস্ত বিবেচনা করিয়া উপ-কর কমিশনার এই মর্মে সার্টিফিকেট প্রদান করেন যে, সংশ্লিষ্ট অনিবাসী করদাতার উপর কর আরোপ্য হইবে না অথবা উপরোল্লিখিত হার অপেক্ষা কম হারে কর আরোপ্য হইবে, তাহা হইলে সেই ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট অনুযায়ী ব্যবস্থা গৃহীত হইবে।

কর্তনকৃত/সংগৃহীত কর জমাদান/সমন্বয়করণ এবং তৎসংক্রান্ত সার্টিফিকেট/বিবরণী প্রেরণের বিধানঃ

সরকারী দপ্তরসমূহের অর্থ প্রদানকারী কর্তৃপক্ষের ক্ষেত্রে

সরকার কর্তৃক বা সরকারের পক্ষে কর কর্তন করা হইলে উহা বিধি ১৩(এ)-এর বিধান অনুযায়ী একই দিনে জমা করিতে হইবে। তবে এই ক্ষেত্রে আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৪-এর বিধান মোতাবেক চালানে জমা দিতে হইবে না। সংশ্লিষ্ট কর্তনকারী কর্তৃপক্ষ সাধারণভাবে প্রচলিত নিয়মেই সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিলসমূহ নিরীক্ষা/ট্রেজারী/জেলা হিসাবরক্ষণ কার্যালয়/থানা হিসাবরক্ষণ কার্যালয়ে পেশ করিবেন। তবে উহাতে মোট বিল দাবী (gross claim) হইতে কর্তনযোগ্য করের পরিমাণ উল্লেখ করিবেন। নিরীক্ষা/ট্রেজারী জেলা হিসাব রক্ষণ কার্যালয়/থানা হিসাব রক্ষণ কার্যালয় পুস্তকান্তকরণ (book adjustment)-এর মাধ্যমে কর্তনকৃত করের সমন্বয় করিতে হইবে। পরিবহণ ঠিকাদারের ক্ষেত্রে "ক্রেডিট নোট" প্রদানকারী কর্তৃপক্ষের বেলায়ও একই পদ্ধতি প্রযোজ্য হইবে।

সরকারের পক্ষে কর কর্তন করিতেছেন এমন অর্থ প্রদানকারী কর্তৃপক্ষ সঠিকভাবে স্বাক্ষর প্রদান করিয়া নির্দিষ্ট ছকে ৪ (চার) কপি কর কর্তন সার্টিফিকেট সংশ্লিষ্ট বিলের সহিত প্রেরণ করিবেন। সার্টিফিকেটসমূহে প্রতিস্বাক্ষর প্রদান করার পর নিরীক্ষা কর্মকর্তা/ট্রেজারী কর্মকর্তা/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/থানা হিসাবরক্ষণ কর্মকর্তা সার্টিফিকেট-এর ২ (দুই) কপি পরিশোধকারী কর্তৃপক্ষের আহরণ ও ব্যয় কর্মকর্তা (Drawing and Disbursing Officer)-এর নিকট ফেরত পাঠাইবেন (এই দুই কপি সার্টিফিকেটের ১ (এক) কপি সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রদান করিতে হইবে)। অবশিষ্ট দুই কপি সার্টিফিকেটের এক কপি "রেজিস্টার্ড ডাক" যোগে বিধি ১৮(৭)-এর নোটস অংশের বিধান (সংশোধিত) মোতাবেক ঢাকা জেলার জন্য কর কমিশনার, কর অঞ্চল-২, ২য়-১২ তলা সরকারী ভবন, সেগুনবাগিচা, ঢাকার নিকট প্রেরণ করিবেন (এস আরও নং ১৭৭, আইন/৯২, তারিখ ১৭ই আষাঢ়, ১৩৯৯/১লা জুলাই, ১৯৯২), গাজীপুর জেলার জন্য উপ-কর কমিশনার, গাজীপুর সার্কেল, গাজীপুর এবং ময়মনসিংহ জেলার জন্য উপ-কর কমিশনার, ময়মনসিংহ সার্কেল-১, ময়মনসিংহের নিকট প্রেরণ করিবেন। অবশিষ্ট কপিটি হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) বা সামরিক হিসাব নিয়ন্ত্রক (যেটি প্রযোজ্য)-এর নিকট প্রেরণ করিতে হইবে।

সরকারী ব্যতীত অন্যান্য পরিশোধকারী কর্তৃপক্ষের ক্ষেত্রে

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর বিধি ১৩বি এবং ১৪-এর বিধান মোতাবেক সরকার ব্যতীত অন্যান্য কর্তৃপক্ষ কর্তৃক কর্তনকৃত বা সংগৃহীত কর কর্তন বা সংগ্রহের এক সপ্তাহের মধ্যে সরকারী কোষাগারে, বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হইবে। প্রয়োজনে কর কমিশনারের অফিস, কর অঞ্চল-২, ২য়-১২তলা সরকারী ভবন (২য় তলা), সেগুনবাগিচা, ঢাকা হইতে চালানের কপি সংগ্রহ করা যাইতে পারে।

ঢাকা জেলার জন্য কর কর্তন সংক্রান্ত অধিক্ষেত্র

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১লা জুলাই, ১৯৯২ইং হইতে ঢাকা জেলার ক্ষেত্রে উৎসে কর্তনকৃত/সংগৃহীত আয়করের অধিক্ষেত্র (ব্যাংক আমানতের উপর সুদ এবং সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্র ব্যতীত) কর কমিশনার, কর অঞ্চল-২, ঢাকা-এর নিকট ন্যস্ত করা হইয়াছে বিধায় ঢাকা জেলার ক্ষেত্রে উৎসে কর্তনকৃত/সংগৃহীত আয়কর (ব্যাংক আমানতের উপর সুদ এবং সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্র ব্যতীত) কর কমিশনার, কর অঞ্চল-২, ঢাকা ব্যতীত ঢাকার অন্য কোন কর অঞ্চলের কর কমিশনার অথবা অত্র কর অঞ্চল বা অন্য কোন কর অঞ্চলের কোন উপ-কর কমিশনারের বরাবরে জমাদান করা বৈধ হইবে না।

কর জমা দিবার "হেড অব এ্যাকাউন্ট"

উপরোক্ত বিধিমালার আওতায় সকল কর্তিত অথবা সংগৃহীত কর নিম্নে বর্ণিত "হেড অব এ্যাকাউন্টে" সরকারী ট্রেজারী, বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে জমা দিতে হইবেঃ

ক। যে করদাতা হইতে কর কর্তন অথবা সংগ্রহ করা হইয়াছে সেই করদাতা যদি কোম্পানী হন তাহা হইলে "১-আয়কর কোম্পানীজ" হেড অব এ্যাকাউন্টে জমা দিতে হইবে।

খ। যে করদাতা হইতে কর কর্তন অথবা সংগ্রহ করা হইয়াছে সেই করদাতা যদি কোম্পানী না হন তাহা হইলে "২-আয়কর কোম্পানী ব্যতীত অন্যান্য" হেড অব এ্যাকাউন্টে জমা দিতে হইবে।

মাসিক বিবরণী প্রেরণ

অর্থ প্রদানকারী বা সংগ্রহকারী কর্তৃপক্ষ ঢাকা মহানগরীসহ ঢাকা জেলার ক্ষেত্রে (ব্যাংক আমানতের উপর সুদ এবং সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্র ব্যতীত) যাহাদের নিকট হইতে কর কর্তন বা সংগ্রহ করা হইয়াছে এমন ব্যক্তিবর্গের তালিকাযুক্ত "একটি মাসিক বিবরণী" বিধি ১৮(৭)-এ নির্দিষ্ট ছকে পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৮(৭)-এর নোটিশ অংশের ১ নং ক্রমিকের নির্দেশ (সংশোধিত) মোতাবেক ঢাকা জেলার জন্য কর কমিশনার, কর অঞ্চল-২, ঢাকার নিকট প্রেরণ করিবেন। গাজীপুর জেলার জন্য সকল ক্ষেত্রে (ব্যাংক আমানতের উপর সুদ ব্যতীত) উপ-কর কমিশনার, গাজীপুর সার্কেল, গাজীপুর এবং ময়মনসিংহ জেলার জন্য সকল ক্ষেত্রে (ব্যাংক আমানতের উপর সুদ ব্যতীত) উপ-কর কমিশনার, ময়মনসিংহ সার্কেল-১, ময়মনসিংহের নিকট প্রেরণ করিবেন (এসআরও নং ১৭৭, আইন/৯২, তারিখ ১৭ই আষাঢ়, ১৩৯৯/১লা জুলাই, ১৯৯২)।

মাসিক বিবরণীর ছক

Name and address of the paying or collecting authority ....

Statement in respect of tax deducted or collected under chapter VII of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) for the month of .... in the year ....

Sl No	Name and address	Amount of payment	Date of payment or receipt of payment	Amount of Tax deduction/ collection	Rate of deduction/ collection	Challan No/Token No/Treasury Voucher No & date of deposit	Nature of payment
1	2	3	4	5	6	7	8

Name and designation of the paying or collecting officer.

Date ....

Signature of the Paying or Collecting Officer

কর কর্তন ও জমাদানে ব্যর্থতায় জরিমানা

ইতিপূর্বে উল্লিখিত আইন ও বিধি মোতাবেক উৎসে আয়কর কর্তন/সংগ্রহ, কর্তনকৃত/সংগৃহীত টাকা যথাসময়ে জমাদান ও এই বিষয়ে বিবরণী যথাসময়ে প্রেরণে ব্যর্থ উৎসে আয়কর কর্তনকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে আয়কর অধ্যাদেশ ১৯৮৪-এর ৫৭ ধারার বিধান অনুযায়ী খেলাপী করদাতা হিসাবে গণ্য করিয়া বেতন ও ভাতাদি প্রদান করাসহ কর্তনকৃত/সংগৃহীত কর আদায়ের অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং কর্তনকৃত বা সংগৃহীত কর ছাড়াও অনাদায়ী সময়ের জন্য কর্তনকৃত/সংগৃহীত করের উপর মাসিক ২% হারে অতিরিক্ত অর্থ জমা দেওয়ার জন্যও তিনি বাধ্য থাকিবেন।

ইহা ছাড়া আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ধারা ৩০(এএ) [অর্থ আইন, ১৯৯৩ইং-এর মাধ্যমে সংযোজিত] এইরূপ বিধান করা হইয়াছে যে যদি কোন কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান প্রযোজ্য ক্ষেত্রে আইনানুযায়ী উৎসে কর কর্তন/সংগ্রহ এবং কর্তনকৃত/সংগৃহীত কর ট্রেজারী চালানে (টিআর-৭) যথারীতি সরকারী কোষাগারে জমাদানে ব্যর্থ হন তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান-এর কর নির্ধারণের সময় সংশ্লিষ্ট পরিশোধের অংক বাদযোগ্য খরচ হিসাবে বিবেচনা করা হইবে না।

অতএব, সংশ্লিষ্ট অর্থ প্রদানকারী কর্মকর্তাদেরকে সঠিক হারে কর কর্তন/সংগ্রহ এবং কর্তনকৃত/সংগৃহীত কর যথাসময়ে ট্রেজারী চালানে (টিআর-৭) জমাদানপূর্বক নির্ধারিত ফরমে ঢাকা জেলার জন্য কর কমিশনার, কর অঞ্চল-২, ২য়-১২ তলা সরকারী ভবন, সেগুনবাগিচা, ঢাকার নিকট, গাজীপুর জেলার জন্য উপ-কর কমিশনার, গাজীপুর সার্কেল, গাজীপুর এবং ময়মনসিংহ জেলার জন্য উপ-কর কমিশনার, ময়মনসিংহ সার্কেল-১, ময়মনসিংহের নিকট যথারীতি বিবরণী প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

অন্যান্য তথ্যাদির জন্য জনাব মোঃ আবুল হোসেন মিয়া, পরিদর্শী যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-২, ঢাকা, ফোন নং ৪১১০৫৬ এবং জনাব মুহাম্মদ তাহির হুসাইন, পরিদর্শী যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-৩, কর অঞ্চল-২, ঢাকা, ফোন নং ৪০৮০৫৮-এর সহিত যোগাযোগ করা যাইতে পারে।

ইমাম-উজ-জামান চৌধুরী
কর কমিশনার
কর অঞ্চল-২, ঢাকা
ফোন ঃ ৮৩২৪১৬।

ডিএফপি-২১১১৬-৩০/৮
জি-১২৮৮